উপজেলা পরিষদ কার্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ।

ত্রিশাল উপজেলা পরিষদ এর আগষ্ট/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মজিদ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১১/০৮/২০২২ খ্রি.
সময় : বেলা ১২:০০ ঘটিকা।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আক্তারুজ্জামান সম্মানিত সদস্যগণকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে গত ১৬/০৬/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অতঃপর আলোচ্যসূচির ক্রমধারা অনুযায়ী বিভাগীয় কর্মকর্তাগণকে তাঁদের বিভাগীয় কার্যাবলী এবং অগ্রগতি উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | এল.জি.ই.ডি : <br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ : <br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সার্বক্ষনিক জরুরী বিভাগ প্রতিদিন সকাল ০৮ টা থেকে ২.৩০ পর্যন্ত এবং বহিঃ বিভাগ ও অন্তঃ বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | উপজেলা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ : <br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, সার বাজার মনিটরিং জোরদার করা হয়েছে। কৃষকদের আমন মৌসুমে করণীয় সম্পর্কে সচেতন করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ০৪ | উপজেলা মৎস্য বিভাগ : <br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ২৩-২৯ জুলাই/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন হয়েছে। উপজেলা প্রশাসন ও সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর কর্তৃক আয়োজিত মৎস্য সপ্তাহ/২০২২ সফল ভাবে পালিত হয়েছে। মৎস্য সপ্তাহ উপলক্ষে মোবাইল কোর্টের মাধ্যমে ধলাস্থ তিনটি হ্যাচারী রূপা, সূর্যমুখী এবং মীম কে লাইসেন্স নবায়ন হালনাগাদ না থাকায় ৭৫,০০০/=টাকা জরিমানা করা হয়। মোবাইল কোর্ট টিমকে সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, ত্রিশালের পক্ষ থেকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা মৎস্য বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

Scanned with CamScanner

<table>
<tr>
<td>০৫</td>
<td><u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে,
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>কার্যক্রমের নাম</th><th>অর্জন</th></tr>
<tr><td>০১</td><td colspan="2">সরকারিভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ (সংখ্যা)</td></tr>
<tr><td></td><td>ক)তরল সিমেন দ্বারা</td><td>-</td></tr>
<tr><td></td><td>খ) হিমায়িত সিমেন দ্বারা</td><td>২৮৫ টি</td></tr>
<tr><td>০২</td><td>সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ</td><td>১১৬ টি</td></tr>
<tr><td>০৩</td><td colspan="2">সরকারি ভাবে টিকা প্রদান সম্প্রসারণ</td></tr>
<tr><td></td><td>ক) গবাদি পশু (সংখ্যা)</td><td>১২০৮০ টি</td></tr>
<tr><td></td><td>খ) হাঁস-মুরগীর (সংখ্যা)</td><td>৪৭০০০ টি</td></tr>
<tr><td>০৪</td><td>গবাদি পশুর চিকিৎসা (সংখ্যা)</td><td>২৩৭২ টি</td></tr>
<tr><td>০৫</td><td>হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১৭২০০ টি</td></tr>
<tr><td>০৬</td><td>পোষা প্রাণীর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১৬ টি</td></tr>
<tr><td>০৭</td><td>গবাদিপশু-পাখির রোগ অনুসন্ধানে নমুনা সংগ্রহ ও গবেষনাগারে প্রেরন (সংখ্যা)</td><td>৮ টি</td></tr>
<tr><td>০৮</td><td>গবাদিপশু-পাখির ডিজিজসার্ভিলেন্স (সংখ্যা)</td><td>৩ টি</td></tr>
<tr><td>০৯</td><td>ফ্রিভেটেনারি মেডিকেল ক্যাম্প স্থাপন (সংখ্যা)</td><td>০১ টি</td></tr>
<tr><td>১০</td><td>উঠান বৈঠকের আয়োজন (সংখ্যা)</td><td>০৮ টি</td></tr>
<tr><td>১১</td><td>স্থায়ী ঘাসচাষ সম্প্রসারণ(একর)</td><td>১.০০একর</td></tr>
<tr><td>১২</td><td>খামার /ফিডমিল/হ্যাচারি পরিদর্শন (সংখ্যা)</td><td>৪৪ টি</td></tr>
</table></td>
<td>উপজেলা প্রাণিসম্পদ বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।</td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td><u>উপজেলা সমাজসেবা বিভাগ ঃ</u><br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায়-২০২২/২৩ অর্থবছরে অচ্ছল প্রতিবন্ধী ভাতার বরাদ্দ আসবে। গত ১০ আগষ্ট ২০২২ তারিখ থেকে অনলাইনে আবেদন শুরু হয়েছে, চলবে ১০ সেপ্টেম্বর প্রর্যন্ত। যে সকল প্রতিবন্ধী ব্যক্তি এখনো ভাতার আওতায় আসেনি তারা আবেদন করতে পারবেন। আবেদনের জন্য অবশ্যই প্রতিবন্ধী পরিচয় পত্র ও নগদ হিসাব করা একটি মোবাইল নম্বর। আবেদনের লিংক হচ্ছে mis.bhata.gov.bd/onlineapplication আমি বিষয়টি সকলকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করছি। বিভাগীয় অনান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই।</td>
<td>উপজেলা সমাজসেবা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।</td>
</tr>
<tr>
<td>০৭</td>
<td><u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :</u><br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এছাড়া শোকের মাস আগষ্ট/২০২২ মাসের বিভাগীয় নির্দেশনা সমূহ বিশেষ করে ১৫ আগষ্ট উদযাপনের জন্য উপজেলার ১৮১ টি সরকারী প্রর্থমিক বিদ্যালয় সমূহে বিভাগীয় নির্দেশনাসহ শোকদিবসের পোষ্টার সরবরাহ করা হয়েছে।</td>
<td>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।</td>
</tr>
<tr>
<td>০৮</td>
<td><u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র কার্যালয়ের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেনী কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। এক্ষেত্রে স্বাস্থ্যবিধি মানা হচ্ছে। তাছাড়া বিভাগীয় অনান্য সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।</td>
</tr>
</table>

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | জাতীয় শোক দিবস-২০২২ যথাযথভাবে পালনের জন্য উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা সম্পর্কে অবহিত করা হয়েছে। | | |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ :<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মা, ও শিশুস্বাস্থ্য সেবা উপজেলা থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত নিয়মিত দেয়া হচ্ছে। প্রত্যন্ত অঞ্চল (Hard to reach) গুলোতে স্বাস্থ্য সেবা প্রদানে স্যাটেলাইট ক্লিনিক পরিচালনা করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের ২০২১-২০২২ ইং অর্থবছরের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়িত হয়েছে। সকল রিপোর্ট রিটার্ন দেওয়া হয়েছে।<br>২০২২-২০২৩ ইং অর্থ বছরের উন্নয়ন কর্মকান্ডের কোন বরাদ্দ এখনো ফর্মালী পাওয়া যায়নি। যথাযথ কর্তৃপক্ষের কাছ থেকে বরাদ্দ পেলে এই সভাকে দ্রুত জানানো হবে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১১ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কার্যক্রমের আওতায় ভিজিডি নাম পরিবর্তন হয়ে ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) হয়েছে। জুলাই মাসের খাদ্য বরাদ্দ ও আগষ্ট মাসের খাদ্য বরাদ্দ এক সাথে পাওয়া গিয়েছে। দুই মাসের চাল এক সাথে উত্তলন করে ভিন্ন ভিন্ন তারিখে বিতরণ করতে হবে। সামনের সপ্তাহে ডিও ছাড় করা হবে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ<br>উপজেলা সমবায় অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। কোন সমস্যা নেই। | উপজেলা সমবায় বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৪ | উপজেলা বন বিভাগ :<br>উপজেলা বন কর্মকর্তা সভায় সভায় উপস্থিত না থাকায় কোন আলোচনা করা সম্ভব হয়নি। | - | - |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ :<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর কার্যক্রম উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে স্বাভাবিক ভাবে চলছে। ঋণ আদায় ও ঋণ বিতরণ চলমান আছে। বাজেট বরাদ্দ অনুসারে ০২(দুই) টি দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। "দারিদ্র বিমোচনের লক্ষে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শষ্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী"এর অন্তর্ভুক্ত অপ্রধান শষ্য দল এ ০৬(ছয়) জন সদস্যের মাঝে ঋণ প্রদান করা হয় ১.৩০.০০০/-(এক লক্ষ ত্রিশ হাজার ) টাকা। সাখুয়া ও রামপুর ইউনিয়নে অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প(পিআরডিপি)-৩ এর জুন/২০২২ পর্যন্ত সকল স্কীমের কাজ সমাপ্ত হয়েছে। আবর্তক ঋণ আদায় চলমান আছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সার্বিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৭ | বিবিধ ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান  যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, রাষ্ট্রীয় বিভিন্ন দিবস উদযাপনে সকল বিভাগীয় কর্মকর্তাগণের শতভাগ উপস্থিতির নির্দেশনা থাকলেও  তা যথাযথভাবে প্রতিপালিত হচ্ছে না; এছাড়া ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে সকল দাপ্তরিক যোগাযোগ অনলাইনে করার ব্যাপারে গুরুত্ব আরোপ করা হয়েছে, এমতাবস্থায় রাষ্ট্রীয় সকল প্রোগামে বিভাগীয় কর্মকর্তাগনকে উপস্থিত থাকার পাশাপাশি অফিসিয়াল ই-মেইল নিয়মিত ব্যবহার করার জন্য অনুরোধ জানান। | রাষ্ট্রীয় সকল প্রোগামে বিভাগীয় কর্মকর্তাগনকে উপস্থিত থাকার পাশাপাশি অফিসিয়াল ই-মেইল নিয়মিত ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার (সকল)<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় আরোও জানান  যে, উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবন নির্মানের জন্য অফিসার্স ক্লাবটি ভাঙতে হবে, এমতাবস্থায় নতুন অফিসার্স ক্লাব নির্মানের জন্য স্থান নির্বাচনের পাশাপাশি উপজেলা পরিষদে কয়েকটি ঝুঁকিপূর্ণ ও জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ  ভবন রয়েছে, যেগুলো যেকোন মুহূর্তে ধ্বসে দুর্ঘটনা ঘটতে পারে। এই জরাজীর্ণ  ও ঝুঁকিপূর্ণ ভবনগুলো চিহ্নিত করে বিধি মোতাবেক পরিত্যাক্ত ঘোষণা  করে অপসারনের জন্য তিনি সভাপতি মহোদয়ের মাধ্যমে উপজেলা প্রকৌশলী মহোদয়কে অনুরোধ জানান। | নতুন অফিসার্স ক্লাব নির্মানের জন্য স্থান নির্বাচনের পাশাপাশি উপজেলা পরিষদের জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ভবনগুলো চিহ্নিত করে বিধি মোতাবেক পরিত্যাক্ত ঘোষণা  করে অপসারন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| | এছাড়া তিনি আরোও জানান যে, উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবন নির্মানের জন্য প্রস্তাবিত জায়গায় ০৬ টি মেহগনি গাছ, ০১ টি বকাইন গাছ, ০৩ টি কাঁঠাল গাছ, ০১ টি আম গাছ ও ০৪ টি নারিকেল গাছ রয়েছে যেগুলো বিধি মোতাবেক কর্তণের জন্য তিনি সভাপতি মহোদয়ের মাধ্যমে উপজেলা প্রকৌশলী মহোদয়কে অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে গাছ গুলো বিধি মোতাবেক কর্তণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের সম্প্রসারিত ভবন নির্মানের জন্য প্রস্তাবিত জায়গার ০৬ টি মেহগনি গাছ, ০১ টি বকাইন গাছ, ০৩ টি কাঁঠাল গাছ, ০১ টি আম গাছ ও ০৪ টি নারিকেল গাছ বিধি মোতাবেক কর্তণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী,<br>ত্রিশাল, ময়মনসিংহ। |
| ১৮ | জাইকা ঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২০-২১ অর্থ-বছরে ( ৫ম রাউন্ড) ইউজিডিপি প্রকল্পের অর্থায়নে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য একটি এম্বুলেন্স ক্রয় করা হয়েছে। ক্রয়কৃত এম্বুলেন্স বিধি মতে বুঝে নেয়ার জন্য উপজেলা প্রকৌশলী মহোদয়কে আহ্বায়ক করে ০৪ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। এই মুহূর্তে এম্বুলেন্সটি বিধি মোতাবেক হেলথ কমপ্লেক্স এর নিকট হস্তান্তর এর জন্য প্রস্তুত। এছাড়া এম্বুলেন্স টি পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও সেবা প্রদান পদ্ধতি বিষয়ে অদ্যকার সভার মাধ্যমে উপজেলা পরিষদের নিকট সুনির্দিষ্ট সিদ্ধান্তের জন্য নথি উপস্থাপন করা হলো। | প্রস্তাব মতে, নিম্নলিখিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি এম্বুলেন্স পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উপকমিটি গঠন করা হলো ।<br>১। চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ,<br>ত্রিশাল, ময়মনসিংহ। | উপজেলা নির্বাহী অফিসার<br>ত্রিশাল, ময়মনসিংহ। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এম্বুলেন্স টি পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও সেবা প্রদান পদ্ধতি বিষয়ে সংশ্লিষ্ট সকল দপ্তর ও ব্যাক্তিবর্গের সাথে যোগাযোগ সাপেক্ষে নিম্নলিখিত বিষয় সমূহে সিদ্ধান্ত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নিম্নলিখিত কর্মকর্তাগণের সমম্বয়ে একটি এম্বুলেন্স পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উপকমিটি গঠন করা হলো ।<br>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।<br>৪। উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ।<br><br>উল্লেখিত উপ কমিটি এম্বুলেন্সটি নিরাপদে রাখার জন্য একটি গ্যারেজ নির্মানের ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্রিশাল বাসীর জন্য দ্রুত এম্বুলেন্স সেবা নিশ্চিত করার লক্ষ্যে একজন লাইসেন্সধারী দক্ষ এম্বুলেন্স চালক নিয়োগ দেয়ার জন্য বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন এবং এটি কর্তৃক সহজ লভ্য সেবা প্রদানের জন্য একটি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিধিমালা প্রনয়ন করবেন। | ২। উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ত্রিশাল, ময়মনসিংহ।<br>৪। উপজেলা প্রকৌশলী, ত্রিশাল, ময়মনসিংহ।<br><br>উল্লেখিত উপ কমিটি এম্বুলেন্সটি নিরাপদে রাখার জন্য একটি গ্যারেজ নির্মানের পাশাপাশি একজন লাইসেন্সধারী দক্ষ এম্বুলেন্স চালক নিয়োগ দেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আগামী দিনগুলিতে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালন করে ত্রিশাল উপজেলার উন্নয়নে সহযোগিতা করার অনুরোধ জানান। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবদুল মতিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং-০৫.৪৫.৬১৯৪.০১৭.০৬.০০২.২০২২-

তারিখ : ১১/০৮/২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরন করা হলো :

১। আলহাজ্ব হাফেজ মাওলানা রুহুল আমিন মাদানী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫২ ময়মনসিংহ-৭, ত্রিশাল, ময়মনসিংহ।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ।
৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, ময়মনসিংহ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ত্রিশাল, ময়মনসিংহ।
৮। উপজেলা ------------------------------ অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ---------------------- ইউনিয়ন পরিষদ (সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

(মোঃ আক্তারুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ত্রিশাল, ময়মনসিংহ।